



ডেঙ্গুতে আরও দুই মৃত্যু, হাসপাতালে ভর্তি ২৭৯



সংগৃহীত ছবি

ডেঙ্গুতে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় মারা গেছেন দুইজন। একই সময়ে ২৭৯ জন নতুন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। চলতি বছরে মোট মৃত্যু হয়েছে ১৪৭ জনের।

ডেঙ্গুর প্রকোপ কমছে না। গত ২৪ ঘণ্টায় এডিস মশাবাহিত রোগে আক্রান্ত হয়ে আরও দুইজনের মৃত্যু হয়েছে। পাশাপাশি নতুন করে ২৭৯ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। শনিবার (১৩ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

প্রতিবেদন অনুযায়ী, মৃতদের একজন ৬০ বছর বয়সী পুরুষ ও অন্যজন ৮০ বছর বয়সী নারী। গতকাল শুক্রবার সকাল ৮টা থেকে আজ শনিবার সকাল ৮টা পর্যন্ত সময়ে ঢাকা মহানগরে ৯৭ জন, চট্টগ্রাম বিভাগে (সিটি করপোরেশন বাদে) ৮৪ জন, ঢাকা বিভাগে ৪২ জন, বরিশাল বিভাগে ৪৫ জন, খুলনা বিভাগে ২ জন ও ময়মনসিংহ বিভাগে ৯ জন রোগী ভর্তি হয়েছেন।

চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট ১৪৭ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ৮১ জন পুরুষ ও ৬৬ জন নারী। এছাড়া, এ বছর হাসপাতালে ভর্তি হয়েছেন ৩৭ হাজার ২০৬ জন ডেঙ্গু রোগী।